# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ২২০

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু’দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু’আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواجب

---

আরবী

(صحيح) وَقَدْ رُوِيَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ وَيْلٌ لِلْأَعْقَابِ وَبُطُونِ الْأَقْدَامِ مِنْ النَّارِ

বাংলা

২২০. (সহীহ) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, ’’গোড়ালী সমূহ ও পদদ্বয়ের নিমণভাগের জন্য আগুনের শাস্তি।’’

হাফেয মুনযেরী বলেন, ইমাম তিরমিযী ৪১ বর্ণিত এই হাদীছটি আরো বর্ণনা করেছেন ত্বাবরানী [কাবীর] গ্রন্থে ইবনে খুযায়মা [সহীহ্] ১/৮৪ এবং ইমাম আহমাদ মাওকূফ সূত্রে ৪/১৯১)[1]

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, ইমাম আহমাদ মারফূ’ সূত্রেও হাদীছটি বর্ণনা করেছেন। আর ইবনে খুযায়মার সনদটি সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ ইমাম আহমাদ বিন হাম্বল (রহিমাহুল্লাহ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন